কোটচাঁদপুরে ব্লাড ব্যাংকের দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

“একের রক্ত অন্যের জীবন রক্তই হোক আত্মার বাঁধন” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে ব্লাড ব্যাংকের দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে স্থানীয় পৌর পাঠাগার মিলনায়তনে এই দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলন কমিটির আহ্বায়ক মোঃ ওমর ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, প্রধান সমন্বয়কারী প্রভাষক আলমগীর হোসেন, গঠনতন্ত্র কমিটির আহ্বায়ক মোঃ আব্দুস সালাম, সংগঠনের সহকারি পরিচালক জাহাঙ্গীর আলম প্রমুখ।

সম্মেলনে সর্ব সম্মতিক্রমে মোঃ মশিয়ার রহমানকে সভাপতি ও মোঃ যুবায়ের হোসেনকে সাধারণ সম্পাদক নির্বাচিত করে ৩৬ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী পরিষদের কমিটি ঘোষণা করা হয়।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সাংগঠনিক পদে মোঃ মেহেদী হাসান, অর্থ সম্পাদক মোঃ আব্দুল আলিম, সহ-সভাপতি মোঃ মিলন, মোঃ স্বপন আলী, মোঃ জুলফিকার আলী এবং যুগ্ম-সম্পাদক পদে হাসানুজ্জামান, সবুজ হোসেন, শাহনেওয়াজ অর্নব ও মোঃ আশরাফুল আলমকে নির্বাচিত করা হয়।

জীবননগর বাঁকা ইউনিয়নে কমসূজনী ৪০ দিনের কাজে চরম অনিয়ম

জীবননগরে ৪০ দিনের কমসূজনী কাজের চরম অনিয়মের অভিযোগ উঠেছে। খাতা কলমে ৪০ জনের নামের তালিকা থাকলেও সেখানে আছে মাত্র ২২ থেকে

২৫জন বাদ বাকি লোকজন উপস্থিত না থাকলেও তোলা হচ্ছে হাজিরা।

তাছাড়া কমসূজনী কাজ দরিদ্রদের মধ্যে দেওয়ার কথা থাকলেও সেখানে স্বজন প্রীতিরর অভিযোগ রয়েছে। এদিকে স্থানীয়রা বলছেন পিআইও অফিসের কোন কর্মকর্তা না থাকায় এ কাজে অনিয়ম হচ্ছে ।

সরেজমিনে বাঁকা ইউনিয়নের ঘোষনগর গ্রামের মাঠের রাস্তার উপর মাটি দেওয়ার দৃশ্য দেখে হতবাক হওয়ার মত অবস্থা। হাজিরা তোলার জন্য খাতা থাকার কথা থাকলেও সেখানে কোন হাজিরা খাতা নেই। ৪০জন সদস্য থাকার স্থলে আছে মাত্র ২২জন তাও আবার মুখে মুখে। অথচ নামের তালিকায় আছে ৪০জনের নাম ।

একই অবস্থা আরও একটি স্থানে, সেখানে ৪০জনের পরিবর্তে আছে ৩২জন। এর মধ্যে আবার তিনজন পারিবারিক কাজের জন্য অন্য স্থানে চলে গেছে। হাজিরা খাতার বিষয়ে জানতে চাইলে কাজের দায়িত্বরত সরদার মিয়াজান বলেন, হাজিরা খাতা এখনও পাইনি এ জন্য হাজিরা তোলা হয়নি।

তবে আমাদের ৪০জন সদস্য আছে তারা সবাই হাজির হয়। বাঁকা ইউপি সদস্য খাইরুল ইসলাম বলেন, আজ প্রথম দিন তো এজন্য লেবার কম এয়েছে। তবে আগামীতে সবাই আসবে । বাঁকা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান রবিউল ইসলাম কমসূজনী কাজের অনিয়মের কথা স্বীকার করে বলেন, কমসূজনী কাজ হচ্ছে অনেক দিন পর । আর আজ প্রথম কাজ শুরু হচ্ছে তো এ জন্য লোকজন কম আসছে তবে আশা করি আগামীতে সবাই কাজে উপস্থিত হবে ।

জীবননগর উপজেলার পিআইও মিজানুর রহমান বলেন, কমসূজনী ৪০দিনের কাজটি আসলে অতিদরিদ্রদের জন্য তারা প্রতিদিন ২শ টাকা হাজিরা পাবে এর মধ্যে ৫০টাকা ব্যাংকে তাদের নামে জমা থাকবে আর ১৫০টাকা হাজিরা তারা প্রতিদিন পাবে ।

এর পর কাজ শেষে তারা তাদের জমাকৃত টাকা ব্যাংক থেকে তুলে নিতে পারবে । আর অনিয়মের বিষয়টার ব্যাপারে আসলে আমাদের অফিসে লোকবল কম থাকার কারণে সমস্থ কাজ একা দেখা সম্ভব হয় না। তবে কাজে যদি অনিয়ম পাওয়া যায় তা হলে যারা এর সাথে জড়িত আছে তদন্ত পূর্বক তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে ।

কুষ্টিয়ায় ক্যানেলের মাটি কেটে বিক্রির অপরাধে ৬ জনের কারাদণ্ড

কুষ্টিয়ায় পানি উন্নয়ন বোর্ডের সরকারী বাঁধের মাটি কেটে বিক্রি করার অপরাধে ৬ জনকে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

শনিবার বিকেলে সদর উপজেলার উজানগ্রাম ইউনিয়নের দুর্বাচরা গ্রামে অভিযান পরিচালনা করে তাদের আটক করা হয়।

অভিযানে নেতৃত্ব দেন কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ইউএনও জোবায়ের হোসেন চৌধুরী।

তিনি জানান, সদর উপজেলার উজানগ্রাম ইউনিয়নের দুর্বাচরা গ্রামে পানি উন্নয়ন বোর্ডের সরকারী বাঁধের মাটি কেটে বিক্রি করা হচ্ছিল। এমন গোপন সংবাদের ভিত্তিতে আমরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে এর ঘটনার সত্যতা পাই। ঘটনাস্থল থেকে ৬ জনকে আটক করা হয়।

পরে ভ্রাম্যমাণ আদালতে কুষ্টিয়া সদর উপজেলার দহকুলা এলাকার শহর আলীর ছেলে ছাত্তার, একই এলাকার আরজান মন্ডলের ছেলে মোঃ রহিম, কুমারখালী উপজেলার বাঁশগ্রাম এলাকার খলিল শেখের ছেলে বশির ও তছির শেখ, হাসেন শেখের ছেলে বারিক এবং ডেটল শেখের ছেলে শিপন শেখকে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ অনুযায়ী প্রত্যেককে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

এছাড়াও অবৈধ মাটি বহনকারী দুইটি ট্রলি আটক করে পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী এর জিম্মায় দেয়া হয়।

পানি উন্নয়ন বোর্ড কুষ্টিয়ার উপবিভাগীয় প্রকৌশলী শামীম হাসনায়ন মাহমুদ জানান, ডি-১ বিকে খালের পাড়ে মাটি কেটে ট্রলি করে নিয়ে যাচ্ছিলো। খবর পেয়ে তাদের আটক করা হয়।

এসময় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[

গাংনীতে র্যালী ও আলোচনা সভা

“মুজিববর্ষের মুলমন্ত্র – কমিউনিটি পুলিশিং সর্বত্র” এই প্রতিপাদ্যে গাংনী থানা পুলিশ এর আয়োজনে কমিউনিটি পুলিশিং ডে-২০২০ উৎযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে গাংনী থানা চত্ত্বর থেকে র্যালী বের হয়ে শহর প্রদক্ষিণ শেখে একই স্থানে শেষ হয়।

র্যালী শেষে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান এর সভাপতিত্বে এবং ওসি তদন্ত সাজেদুল ইসলাম এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা কমিউনিটি পুলিশিং এর সভাপতি ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আইনজীবি সমিতির সাবেক সভাপতি অ্যাডভোকেট একেএম শফিকুল আলম, জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলাম, গাংনী প্রেসক্লাব সভাপতি প্রভাষক রমজান আলী, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ও বামুন্দী ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস,

জেলা আওয়ামীলীগের ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক সম্পাদক মিজানুর রহমান রানা, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, সাহারবাটি ইউনিয়নের চেয়ারম্যান গোলাম ফারুক, রাইপুর ইউনিয়নের চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, গাংনী উপজেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক নাজমুল হুদা বিশ্বাস, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আনারুল ইসলাম বাবু সহ আওয়ামীলীগ ও অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

বক্তারা কমিউনিটি পুলিশিং এর বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করেন। গাংনী উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি অত্যান্ত ভাল থাকায় থানার অফিসার ইনচার্জসহ পুলিশ বিভাগকে ধন্যবাদ জানান উপস্থিততিবৃন্দরা।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে শহরের এইচএসএস সড়কের দলটির জেলা কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. মুন্সি কামাল আজাদ পান্নুর সভাপতিত্বে অনুষ্ঠনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় সহ-সাংগঠনিক সম্পাদক অনিন্দ ইসলাম অমিত।

প্রধান বক্তা ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান। বিশেষ বক্তা ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম এ মজিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আব্দুল মালেক, আক্তারুজ্জামান, জাহিদুজ্জামান মনা, আব্দুল মজিদ বিশ্বাস, বিএনপি নেতা আলমগীর হোসেন।

অনুষ্ঠান পরিচালনা করেন সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক এ্যাড. আব্দুল আলিম। অনুষ্ঠানে বিএনপি, অঙ্গ ও সহযোগি সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। এসময় বক্তারা, দলকে শক্তিশালী করতে তৃণমুল পর্যায়ের নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান।

ঝিনাইদহে কমিউনিটি পুলিশিং ডে উপলক্ষে আলোচনা সভা

‘ ‘মুজিববর্ষের মূলমন্ত্র-কমিউনিটি পুলিশিং সর্বত্র’’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে কমিউনিটি পুলিশিং ডে উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা পুলিশের আয়োজনে শনিবার সকালে পুলিশ লাইন্সে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে জনপ্রতিনিধি, সুশীলসমাজের প্রতিনিধি, পুলিশ বিভাগ ও জেলা প্রশাসনের কর্মকর্তারা অংশ নেয়।

পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, কমিউনিটি পুলিশিং কমিটির সাধারণ সম্পাদক কাইয়ূম শাহারিয়ার জাহেদী হিজল, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশারসহ অন্যান্যরা।

বক্তরা, জেলায় মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ ও নারী নির্যাতনসহ সকল প্রকার অপরাধমুলক কর্মকান্ড থেকে বিরত থাকার পাশাপাশি অপরাধ দমনে পুলিশকে সহযোগীতা করার জন্য সকলের প্রতি আহবান জানান।

ঝিনাইদহে জাসদের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

ঝিনাইদহে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ’র ৪৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। শনিবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে জেলা জাসদের পক্ষ থেকে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাসদ কেন্দ্রীয় উপদেষ্টা মন্ডলীর সদস্য মনোয়ার হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাসদের সাধারণ সম্পাদক শামীম আখতার বাবু, সহ-সভাপতি শরাফত ইসলাম, জলিল মিয়া, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আজিজ খান, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, দপ্তর সম্পাদক শাহানুর আলম, কোষাধ্যক্ষ মনিরুজ্জামান উজ্জল।

এসময় বক্তারা, দুর্নিতী, লুটপাট, অন্যায় অত্যাচারের বিরুদ্ধে সুশাসনের পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করতে নেতাকর্মীদের প্রতি আহ্বান

□□□□□□